নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ১৩৮৮ তারিখ- ২২।৬।২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.৪১.০০২.২২.৫৭০

তারিখ: ৭ আষাঢ় ১৪২৯
২১ জুন ২০২২

বিষয়: **চলতি ২০২১-২০২২ আর্থিক সালে গণপূর্ত অধিদপ্তরের পরিচালন বাজেটে মেরামত ও সংরক্ষণ খাতের আওতায় ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন কোডের আওতাধীন 'থোক' উপখাতে সংরক্ষিত অর্থ হতে ৯২৪.৬৬ লক্ষ (নয় কোটি চব্বিশ লক্ষ ছেষট্টি হাজার) টাকা বরাদ্দ।**

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কোড/খাতে চলতি ২০২১-২০২২ আর্থিক সালে খরচ করার জন্য **মোট ৯২৪.৬৬ লক্ষ (নয় কোটি চব্বিশ লক্ষ ছেষট্টি হাজার) টাকা** মাত্র নিম্ন বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো।

(লক্ষ টাকা)

ক্রম	কাজের নাম	অর্থ বরাদ্দ	গণপূর্ত বিভাগ
১।	ঢাকার সেগুনবাগিচাস্থ ''জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর'' এর প্রধান ভবন কমপ্লেক্সর ১ম গেইট হতে ২য় গেইট পর্যন্ত বিনষ্ট অভ্যন্তরীণ রাস্তা অপসারণপূর্বক তদস্থলে নতুন রাস্তা নির্মাণ, মনিটরিং কক্ষ নির্মাণ এবং সৌন্দর্য্য বর্ধনসহ আনুষঙ্গিক কাজ।	১৬৫.০৯	রক্ষণাবেক্ষণ, ঢাকা
	ঢাকার সেগুনবাগিচাস্থ দুর্নীতি দমন কমিশন এবং ''জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর'' এর প্রধান কার্যালয়ের মধ্যবর্তী স্থানে সীমানা প্রাচীর ও নিরাপত্তা গ্রীল নির্মাণসহ ওয়াচ টাওয়ার নির্মাণ কাজ।	১০৭.৪২	
	ঢাকার সেগুনবাগিচাস্থ ''জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর'' এর প্রধান কার্যালয়ের অভ্যন্তরে গাড়ী পার্কিং করার স্থান নির্মাণ, পানি নিষ্কাশনের জন্য ড্রেইন, পিট নির্মাণসহ আনুষঙ্গিক কাজ।	২২৭.৭২	
	ঢাকার সেগুনবাগিচাস্থ ''জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর'' এর প্রধান ভবনের মাল্টিপারপাস হল রুমের কাঠের ষ্টেইজ, অ্যাকুস্টিক সিলিং, ওয়াল প্যানেলিং, কাঠের দরজা স্থাপন, ইন্টারনাল ওয়্যারিং, লাইট ফিটিংস, নেটওয়ার্কিং সিষ্টেম, সাউন্ড সিষ্টেম স্থাপনসহ ইন্টেরিয়র কাজ।	২২৪.৮৬	
	উপমোট :	৭২৫.০৯	
২।	Repair, Renovation & installation work of floor & wall Tiles, decorative false Celing, thai aluminium, Sanitary fittings and fixing, painting and related electric work with other ancillary works in different room & corridor 6th & 7th floor, Ministry of Local Government and Rural Development & Co-operatives in Building No-07 at Bangladesh Secretariat, Dhaka.	১৯৯.৫৭	ইডেন, ঢাকা
	সর্বমোট :	৯২৪.৬৬	--

উক্ত খরচ উপসচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর যথাক্রমে স্মারক নং-/১৪৩ তারিখ: ১৩/০৪/২০২২ খ্রিঃ; স্মারক নং-/১৬৭ তারিখ: ৩১/০৫/২০২২ খ্রিঃ এবং চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর স্মারক নং-/২৬৮১ তারিখ: ৩০/০৫/২০২২ খ্রিঃ; স্মারক নং-/২৭৪১ তারিখ: ০৯/০৬/২০২২ খ্রিঃ এর মাধ্যমে পৃষ্ঠাংকনের মাধ্যমে ন্যস্তকৃত মোট ৯২৪.৬৬ লক্ষ টাকা চলতি ২০২১-২০২২ আর্থিক সালের গণপূর্ত অধিদপ্তরের পরিচালন বাজেটে মেরামত ও সংরক্ষণ খাতের আওতায় ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন খাতের আওতায় 'থোক' বাবদ সংরক্ষিত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

এই অর্থ বরাদ্দ সম্পর্কে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক অনুমোদিত।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতে হবে। **উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে :**

শর্তসমূহঃ-

(ক) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ (সংশোধনীসহ) এবং অর্থ বিভাগের ১৮/০১/২০১০ তারিখের অম/অবি/বি-১/বিবিধ(৩৮)/২০০৭/১০ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে হবে।

(খ) এ অর্থ দ্বারা পূর্ববর্তী বছর/ বছরসমূহের কোন কাজের বকেয়া পরিশোধ করা যাবে না।

(গ) ভবিষ্যতে থোক হতে জরুরী কাজ সম্পাদনের ক্ষেত্রে বরাদ্দ নিশ্চিত হওয়ার পরই উক্ত কাজটি সম্পাদন করতে হবে এবং প্রত্যাশি সংস্থার চাহিদা পত্র অবশ্যই প্রাক্কলনের সাথে সংযুক্ত করে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

(ঘ) অর্থ বিভাগের ১৮-০১-২০১০ তারিখের ১০ নং স্মারকে জারীকৃত পরিপত্রের (চ) অনুচ্ছেদ অনুযায়ী কাজসমূহ সমাপ্ত শেষে প্রাক্কলিত ব্যয় অনুযায়ী কাজসমূহ সঠিকভাবে সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থা/দপ্তর/সুবিধাভোগী ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছ থেকে প্রত্যয়ন গ্রহণ করে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

(ঙ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের ব্যয় বিভাজনে অন্তর্ভুক্ত সুনির্দিষ্ট কাজসমূহের সাথে দ্বৈততা পরিহার করতে হবে এবং অনুমোদিত ব্যয় প্রাক্কলন অনুসারে ব্যয় করতে হবে।

(চ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে মন্ত্রণালয়ের চলমান প্রকল্প/কর্মসূচির কাজের সাথে দ্বৈততা পরিহার করতে হবে।

(ছ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরে সমর্পণ করতে হবে।

২১-৬-২০২২
মোঃ শহিদুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
ফোন: ০২২২৩৩৮৮৯১৪
ইমেইল: se_coord@pwd.gov.bd

বিতরণ :

১) নির্বাহী প্রকৌশলী , গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।
২) নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.৪১.০০২.২২.৫৭০/১(১৫)

তারিখ: ৭ আষাঢ় ১৪২৯
২১ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়) :

১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও বিশেষ প্রকল্প), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা।
৫) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট ভবন কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং ও অডিট সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা।
৮) উপসচিব, বাজেট-২৪ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) উপসচিব, বাজেট শাখা-৪, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১২) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রানালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৪) হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৫) গার্ড নথি।

২১-৬-২০২২
মোঃ শহিদুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)